



জুলাই শহীদদের স্মরণসভায় যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

জুলাই আন্দোলনে নিহতদের স্মরণে রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত জাতীয় স্মরণসভায় অংশ নিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। অনুষ্ঠানে তার দুপুরের দিকে বক্তব্য দেওয়ার কথা রয়েছে।

স্মরণসভায় নিহতদের স্বজনরা ছাত্র-জনতার হত্যাকাণ্ডে অভিযুক্ত শেখ হাসিনার বিচার দাবি করেন। তাদের বক্তব্য ও শ্লোগানে অনুষ্ঠানস্থল মুখর হয়ে ওঠে। একই সঙ্গে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর সদস্যরা পুনর্বাসন ও সার্বিক সহযোগিতায় সরকারের কার্যকর উদ্যোগ কামনা করেন।

অনুষ্ঠানে মন্ত্রিসভার সদস্য, চিফ হুইপ, বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা, বিদেশি কূটনীতিক, সামরিক ও বেসামরিক উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন পেশাজীবী সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত রয়েছেন। প্রধানমন্ত্রী তারেক রহমানের বক্তব্যকে কেন্দ্র করে অনুষ্ঠানস্থলে বিশেষ আগ্রহ লক্ষ্য করা গেছে।

LENS ASIA